# উপজেলা পরিষদ
# পাথরঘাটা, বরগুনা।
http://pathorghata.barguna.gov.bd

স্মারক নম্বর-০৫.১০.০৪৮৫.০০৮.০২.০০১.২২- ৬৮১

তারিখঃ ০১ আষাঢ় ১৪২৭ / ১৫ জুন ২০২০ ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ১৬ অগ্রহায়ন ১৪১৭/৩০ নভেম্বর ২০১০ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা'র ২৫.০৫.২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১১.০১০.২০১৬-১০৪ নম্বর পত্রের নির্দেশনা অনুসারে ও উপজেলা পরিষদের ১৫.০৬.২০২২ খ্রিঃ তারিখের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক পাথরঘাটা উপজেলা পরিষদের রাজস্বখাতে সৃজিত পাথরঘাটা উপজেলা পরিষদের নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের নিমিত্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিক ও বরগুনা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | "সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর" | ০১(এক)টি | ১০,২০০-২৪,৬৮০/-<br>(১৪ নং গ্রেড)<br>জাতীয় বেতন স্কেল-২০১৫ | ১. কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>২. Word Processing/Data entry ও Typing ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি;<br>(ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ;<br>(খ) ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ;<br>৩. শর্টহ্যান্ড :<br>(ক) বাংলা: গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ৪৫ শব্দ;<br>(খ) ইংরেজিঃ গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ৭০ শব্দ; |

### শর্তাবলী

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।

২। আবেদনপত্রে (ক)প্রার্থীর নাম,(খ)পিতা/স্বামীর নাম,(গ)মাতার নাম,(ঘ)বর্তমান ঠিকানা,(ঙ)স্থায়ী ঠিকানা,(চ)জাতীয়তা, (ছ)ধর্ম/সম্প্রদায়, (জ)জন্ম তারিখ, বয়স (২৬.০৬.২০২২ খ্রিঃ তারিখে), (ঝ)বৈবাহিক অবস্থা,(ঞ)শিক্ষাগত যোগ্যতা,(ট)অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ প্রার্থীকে নির্ধারিত ফরমে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা, বরগুনা বরাবর আবেদন করতে হবে। আবেদন পত্রের ফরমেট http://pathorghata.barguna.gov.bd নোটিশ বোর্ড থেকে ডাউনলোড করা যাবে।

৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
(ক) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধনের সত্যায়িত ফটোকপি।
(খ) সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
(গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি।
(ঘ) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা মুক্তিযোদ্ধা হিসেবে প্রমাণের জন্য সর্বশেষ সরকারি সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের ছায়াকপি।
(ঙ) প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত ৪.৫ ইঞ্চি×১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খামসংযুক্ত করতে হবে এবং খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

৪। প্রার্থীর বয়স ২৬.০৬.২০২২ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের সর্বোচ্চ ৩২ বছর বয়স পর্যন্ত শিথিলযোগ্য।

৫। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে বয়স শিথিলযোগ্য নয় এবং অগ্রীম কপি গ্রহণ করা হবে না।

৬। আবেদনপত্র ২৬.০৬.২০২২ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি/ডাকযোগে পৌছাতে হবে।

৭। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টিএ/ডিএ দেয়া হবে না। লিখিত পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হবে। পরীক্ষা অনুষ্ঠানের সময়, তারিখ এবং স্থান ডাকযোগে, উপজেলা পরিষদের ওয়েবসাইটে http://pathorghata.barguna.gov.bd এর মাধ্যমে জানানো হবে।

৮। পরবর্তীতে প্রার্থীদের চাকুরী স্থায়ীকরণের স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। **নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত এবং যেকোন ধরনের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।**

১৫.০৬.২০২২

(হোসাইন মুহাম্মদ আল-মুজাহিদ)
উপজেলা নির্বাহী অফিসার
পাথরঘাটা, বরগুনা।
ফোন: ০২৪৭৮৮৮৭৫১৪
ইমেইল: unopatharghata@mopa.gov.bd